



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিপি-২ শাখা

www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২২.২৩

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮

২৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেম ব্যবহার প্রসঙ্গে।

সূত্র: ৫৬.০৪.০০০০.০০৫.২২.০০১.১৮-৬, তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান কার্যক্রম সহজ করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহায়তায় 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেম' প্রণয়ন করা হয়েছে। উক্ত সিস্টেমটি bpa.mopa.gov.bd সাইটের মাধ্যমে উন্মুক্ত করা হয়েছে। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক এর জন্য আবেদন দাখিল, মূল্যায়ন এবং অন্যান্য কার্যক্রম এই সিস্টেমের মাধ্যমে পরিচালিত হবে। ২০২২ সালের পদকের আবেদনও এ সিস্টেমের মাধ্যমে দাখিল করা যাবে।

০২। এমতাবস্থায়, বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম, যেমন: আবেদনকারী কর্তৃক আবেদন দাখিল, জেলা/বিভাগ ও মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ের বাছাই কমিটির প্রাথমিক মূল্যায়ন, মূল্যায়ন শেষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটির নিকট প্রেরণসহ অন্যান্য যাবতীয় কার্যক্রম বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ব্যবস্থাপনা সিস্টেমের মাধ্যমে সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৩-২-২০২২

মোহাম্মদ নাছির উল্লাহ খান

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল) (আওতাধীন দপ্তর/সংস্থায় প্রচারের অনুরোধসহ)
- ৩) বিভাগীয় কমিশনার (সকল) (তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সিস্টেমটি ব্যবহারে জন্য ব্যবহারকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ আয়োজন ও কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ)
- ৫) জেলা প্রশাসক (সকল) (জেলা তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

- ৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল) (তথ্য বাতায়নে প্রকাশের এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)